দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 AUG 2017
পৃষ্ঠা ২০ কলাম ৬

# রাষ্ট্রদ্রোহ মামলায় দক্ষিণ চট্টগ্রামের ১৩ শিক্ষক নেতা কারাগারে

## প্রশ্নপত্রে বঙ্গবন্ধুর সঙ্গে ইউপি চেয়ারম্যানের তুলনা

■ বাঁশখালী (চট্টগ্রাম) সংবাদদাতা

বাঁশখালীতে রাষ্ট্রদ্রোহ মামলায় দক্ষিণ চট্টগ্রামের ১৩ জন শিক্ষক নেতাকে কারাগারে পাঠিয়েছে আদালত।

মামলা দায়েরের পর ১৩ জন শিক্ষক হাইকোর্ট থেকে তিন মাসের আগাম জামিন পান। গতকাল বুধবার আগাম জামিনের মেয়াদ শেষ হওয়ায় পুনরায় নিম্ন আদালতে হাজির হয়ে জামিন আবেদন করেন অভিযুক্ত ১৩ শিক্ষক। বাঁশখালী সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মোঃ সাজ্জাদ হোসেন তাদের জামিন নামঞ্জুর করে কারাগারে প্রেরণ করেন। অভিযুক্ত শিক্ষকরা হলেন প্রশ্নপত্র প্রণয়নকারী বাঁশখালী বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক দুকুল বড়ুয়া, বাঁশখালী শিক্ষক সমিতির সভাপতি ও কালীপুর নাছেরা খাতুন আর, কে বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ তাহেরুল ইসলাম, সাধারণ সম্পাদক রায়ছটা প্রেমাশিয়া আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মিয়া, আনোয়ারা শিক্ষক সমিতির সভাপতি ও মাহাতা পাটানিকোটা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম, সাধারণ সম্পাদক ও আনোয়ারা বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাদল চন্দ্র দাশ, পটিয়া শিক্ষক সমিতির সভাপতি ও মোজাফ্‌ফরাবাদ এন, জে উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ ইউছুফ, সাধারণ সম্পাদক হাইদগাঁও উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক শ্যামল কান্তি দে, পৃষ্ঠা ২ কলাম ৫

## রাষ্ট্রদ্রোহ মামলায়

২০ পৃষ্ঠার পর

সাতকানিয়া শিক্ষক সমিতির সভাপতি ও বাজালিয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক অজিত কারণ, সাধারণ সম্পাদক ছমদর পাড়া বহুমুখী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক এম ওয়াইজ উদ্দীন, বোয়ালখালী শিক্ষক সমিতির সভাপতি ও আজগর আলী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ আলী, সাধারণ সম্পাদক কদুরখীল উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক আমির হোসেন, চন্দনাইশ শিক্ষক সমিতির সভাপতি ও কেশুয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিজন ভট্টাচার্য, সাধারণ সম্পাদক ও বরমা ত্রাহিমেনকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ.এইস.এম সৈয়দ হোসেন।

গত বছরের এপ্রিলে মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণির 'বাংলাদেশ ও বিশ্ব পরিচয়' বিষয়ে প্রথম সাময়িক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করা হয় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে কয়লা বিদ্যুৎ প্রকল্প নির্মাণ বিরোধী ও গন্ডামারা ইউপি'র বসতভিটা ও গোরস্থান রক্ষা কমিটির আহ্বায়ক এবং বর্তমান চেয়ারম্যান মোঃ লেয়াকত আলীর তুলনা করে। পরীক্ষা শেষে সামাজিক যোগাযোগ গণমাধ্যমে প্রতিবাদের ঝড় উঠে। প্রশ্নপত্র প্রণয়নকারী বাঁশখালী বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়ের শিক্ষক দুকুল বড়ুয়াকে উপজেলা নির্বাহী কর্মকর্তা পুলিশে সোপর্দ করেন। পরে দক্ষিণ চট্টগ্রামের ছয়টি উপজেলার মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ও সম্পাদকসহ প্রশ্ন প্রণয়নকারীকে আসামী করে গত বছর ১৯ জুলাই বাঁশখালী থানায় সাধারণ ডায়েরি ৭৪২/১৬ করেন। পরবর্তীতে রাষ্ট্রদ্রোহ মামলা দায়ের করে রাষ্ট্রপক্ষ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....................
তারিখ.....................

| | |
|---|---|
| টীম, পরিসংখ্যান বিভাগ | |
| টীম, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর